



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৩.১৮/১৬২৪/১০

তারিখ: ২৬/০১/১৪২৯ বঙ্গাব্দ:
০৭/০২/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : লালমনিরহাট জেলার তিসতা ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ জনাব মো: আয়নাল হকের বকেয়া বেতন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার তিসতা ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ জনাব মো: আয়নাল হক কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন এর রাযের প্রেক্ষিতে বকেয়া বেতন ভাতা প্রদান করার জন্য আবেদন করেন।

বকেয়ার কারণ: পরীক্ষায় ফলাফল বিপর্যয়ের কারণে ডিগ্রি স্তরের এমপিও বন্ধ থাকায় উপাধ্যক্ষ পদে এম.পি.ওভুক্ত হতে বিলম্ব হয়। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৩.১৫(অংশ-১).৩৯৪; তারিখ: ১৬/০৮/২০১৬ পত্রের নির্দেশনা মোতাবেক নভেম্বর/১৬ মাসের এম.পি.ওতে কলেজটি ডিগ্রি কোড প্রাপ্ত হয়। জনাব মো: আয়নাল হক উপাধ্যক্ষ পদে গত ০১/১১/২০১৬ খ্রি. তারিখে এমপিওভুক্ত হয়। তিনি ২১/০৮/২০১৬ হতে অক্টোবর/২০১৬ পর্যন্ত সময়ের ১৩,০৭,৭৭৮/- টাকা প্রাপ্য। বকেয়া বেতন ভাতার জন্য মাউশিতে আবেদন করলে মাউশি কোনো পদক্ষেপ গ্রহণ না করায় মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১০১৪৬/২০১৯) দায়ের করেন। উক্ত রিট পিটিশনে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে ১নং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ২নং গংকে বিবাদী করা হয়েছে। রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য আদালত বিবাদীগণের প্রতি বুল নিশি জারিসহ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। উক্ত আদেশে ২নং বিবাদী অর্থাৎ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে পিটিশনারের ২৭/০৬/২০১৯ তারিখে আবেদন (Annexure-H) ০২ (দুই) মাসের মধ্যে নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের বিষয়ে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১৮.৪ ধারা মোতাবেক উপাধ্যক্ষ জনাব আয়নাল হক এর উল্লিখিত সময়ের বকেয়া এমপিও প্রাপ্তির সুযোগ নেই।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

আবদুল কাদের 28.4.22

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
তিস্তা ডিগ্রী কলেজ
লালমনিরহাট।

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, তিস্তা ডিগ্রী কলেজ, লালমনিরহাট।
- ২। জনাব মো: আয়নাল হক, উপাধ্যক্ষ, তিস্তা ডিগ্রী কলেজ, লালমনিরহাট।
- ৩। সংরক্ষণ নথি।